শহর ও জেলার খবর

সাতসকালে জোড়া খুন, উত্তেজনা বাঁকুড়ায়

নিজস্ব সংবাদদাতা, বাঁকুড়া, ৪ নভেম্বর— সম্পত্তিজনিত বিবাদের জেরে দুই প্রতিবেশীকে কুপিয়ে খুন করল এক যুবক। সোমবার সাতসকালে মর্মান্তিক ওই ঘটনাটি ঘটেছে বাঁকুড়া সদর থানার অন্তর্গত মগড়া মোড়ে। মৃতদের নাম গুণময় চৌধুরী (৫৭) ও লিচু রায় (৬০)। অভিযুক্ত অরূপ চৌধুরীকে পুলিশ গ্রেফতার করেছে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায় যে, মৃত গুণময়বাবু অভিযুক্তর প্রতিবেশী। সম্পত্তিজনিত কারণে ওই দুই পরিবারের মধ্যে বিবাদ চলছিল। মৃত গুণময়বাবু বন দফতরের কর্মী ছিলেন। অন্যান্য দিনের মতো এদিনও সকালে তিনি মর্নিং ওয়াকে বেরিয়ে ছিলেন। অভিযুক্ত এবং মৃতরা সকলেই মানকানালি অঞ্চলের রায় বাঁধ গ্রামের বাসিন্দা। মর্নিংওয়াকে বেরিয়ে স্থানীয় মগরা মোড়ের চায়ের দোকানে বসেছিলেন গুণময়বাবু। আচমকা সেখানে এসে ধারাল কুড়ুল দিয়ে এলোপাথাড়ি মারতে থাকে অভিযুক্ত যুবক। রক্তাক্ত অবস্থায় ঘটনাস্থলেই লুটিয়ে পড়েন ওই প্রৌঢ়। এরপর প্রাতঃকৃত্য সারতে পুকুরের উদ্দেশ্যে বেরিয়ে একইভাবে আক্রান্ত হন ওই গ্রামের বাসিন্দা লিচু রায়। স্থানীয় বাসিন্দা তথা জেলার বিশিষ্ট আইনজীবী অতনু দে জানান, এদিন সকালে অভিযুক্ত ওই যুবকের হিংস্র স্বভাব আগেও দেখেছে গ্রামের মানুষজন। একনাগাড়ে পিটিয়ে নিজেদের দশ'দশটি ছাগলকে সে একবার মেরে ফেলেছিল। স্থানীয় মগরা নিধুবন কৃষ্ণকালী আশ্রমের জনৈক সাধুকেও সে একবার ধারাল অস্ত্র দিয়ে কোপাতে গিয়ে খবরের শিরোনামে এসেছিল বলে অতনুবাবু জানিয়েছেন। জেলার পুলিশ সুপার কোটেশ্বর রাও জানান, এদিন সকালেই অভিযুক্তকে গ্রেফতার করা হয়েছে। খুনের কথাও সে স্বীকার করেছে। সম্পত্তিজনিত বিবাদের কারণে ওই খুন বলে পুলিশের প্রাথমিক অনুমান।

প্রেসিডেন্সিতে ছাত্র ভোট নিয়ে রাজনৈতিক পারদ ক্রমশ চড়ছে

নিজস্ব প্রতিনিধি– দীর্ঘ সময়ের টালবাহানার পর ছাত্র সংসদ নির্বাচন ঘোষণা করেছে রাজ্য সরকার। প্রথম পর্যায়ের ছাত্র ভোট যে বিশ্ববিদ্যালয়গুলিতে হতে চলেছে, সেগুলির মধ্যে উল্লেখযোগ্য হল প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়। বাংলার ঐতিহ্যবাহী এই শিক্ষাপ্রতিষ্ঠানের ছাত্র সংসদ নির্বাচন নিয়ে ইতিমধ্যেই নির্দেশিকা প্রকাশ করেছেন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। আগামী ১৪ নভেম্বর ছাত্রভোট হবে প্রেসিডেন্সিতে। আর এই ভোটগ্রহণকে কেন্দ্র করে প্রেসিডেন্সিতে রাজনৈতিক পারদ ক্রমশ চড়ছে। ছাত্র ভোটে জয় পেতে কোনও ছাত্র সংগঠন প্রচারে কোনও খামতি রাখছে না। এফএফআই, এআইএসএফ, আইসার মতো বাম ছাত্র সংগঠনগুলির পাশাপাশি স্বাধীন বামছাত্রদের মঞ্চ আইসি ও নকশালপন্থীদের প্রভাব প্রেসিডেন্সির রাজনীতিতে বরাররই বেশি। তবে সাম্প্রতিক সময়ে প্রেসিডেন্সিতে ছাত্রদের স্বার্থে যে কাজ করছে বলে তৃণমূলপন্থী ছাত্রছাত্রীরাও দাবি করেছে। বেশ কিছুদিন আগে হস্টেলের সমস্যার সমাধানের দাবিতে তৃণমূলপন্থী ছাত্রছাত্রীদের এক প্রতিনিধিদল সুপ্রিয় চন্দের নেতৃত্বে শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের দ্বারস্থ হয়েছিল। বর্তমানে প্রেসিডেন্সিতে আইসি বা এসঅফআই-এর মতো বাম ছাত্র সংগঠনগুলি ভোটের অঙ্কে যথেষ্ট শক্তিশালী. বিগত নির্বাচনে আইসির হাতেই ছিল ছাত্র সংসদ। এবারের নির্বাচনে জয় পেতে ব্যাপক প্রচার চালানোর কর্মসূচি নিয়েছে ত রা। তৃণমূলপন্থী ছাত্র সংগঠন সাম্প্রদায়িকতা-বিরোধী মঞ্চের আহ্বায়ক সুপ্রিয় চন্দ্রের কথায়, 'মুখে প্রতিশীলতার কথা বলে প্রকৃতপক্ষে ক্যাম্পাসে সংকীর্ণ অগণতান্ত্রিক পরিবেশ তৈরি করে রেখেছে এসএফআই এবং আইসির মতো বামপন্থী ছাত্র সংগঠনগুলি। আমরা প্রেসিডেন্সিতে ছাত্র সংসদের পরিবর্তন আনতে পারব।' ইতিহাস বিভাগের পড়ুয়া সুপ্রিয় আশা প্রকাশ করেন,আইসির বিকল্প প্রার্থীরাই নির্বাচিত হয়ে আগামী দিনে ছাত্র স্বার্থে কাজ করতে সক্ষম হবে। তবে সব মিলিয়ে এই মুহূর্তে ছাত্র সংসদ নির্বাচনকে কেন্দ্র করে প্রেসিডেন্সিতে রাজনৈতিক পারদ চড়ছে, তাতে কোনও সন্দেহ নেই।

নদিয়ার করিমপুরে তৃণমূল প্রার্থী বিমলেন্দু সিংহ রায়ের প্রচারে মন্ত্রী রাজীব বন্দ্যোপাধ্যায় এবং সাংসদ মহুয়া মৈত্র।

জগদ্ধাত্রী পুজোর উদ্বোধনে দিলীপ ঘোষকে তরোয়াল উপহার নিয়ে তরজা

নিজস্ব সংবাদদাতা, বারাকপুর, ৪ নভেম্বর— পুজো উদ্বোধনে তরোয়াল উপহার দেওয়াকে কেন্দ্র করে সোমবার রাজনৈতিক তরজায় সরগরম রইল উত্তর ২৪ পরগনার পানিহাটি অঞ্চল। প্রসঙ্গত, রবিবার সন্ধ্যায় পানিহাটির পূর্ব নাটাগড় জমিদার পাড়া রথযাত্রা কমিটির উদ্যোগে আয়োজিত জগদ্ধাত্রী পুজোর উদ্বোধনে আসেন বিজেপি রাজ্য সভাপতি দিলীপ ঘোষ। সেখানে তাঁকে উপহার হিসেবে তরোয়াল দেওয়া হয়। আর এরপরেই পানিহাটি জুড়ে শুরু হয় জোর রাজনৈতিক তরজা। মুখ খোলেন রাজ্যের শাসকদলের বিধায়ক তথা জেলার পর্যবেক্ষক। বিজেপি'র পক্ষ থেকেও বিধায়ককে পাল্টা উত্তর দেন জেলা সাধারণ সম্পাদক। এদিন বিধানসভার মুখ্য সচেতক তথা পানিহাটির বিধায়ক নির্মল ঘোষ বলেন, 'কিছু সমাজবিরোধী এসেছিল। বড় বড় সব তরোয়াল দেওয়া হয়। এটা বিজেপি'র সংস্কৃতি। পুলিশকে বলেছি কোথা থেকে অস্ত্র এলো তা দেখতে। তাঁর দাবি, শান্ত এলাকাকে অশান্ত করতেই চক্রান্ত করেছে বিজেপি। যদিও তাঁর এই বক্তব্যকে নস্যাৎ করে বিজেপি'র কলকাতা উত্তর শহরতলীর সাধারণ সম্পাদক চণ্ডীচরণ রায় জানান, রাজ্যজুড়ে বীরের মতো লড়াই করে যাচ্ছে সাংসদ তথা রাজ্য সভাপতি দিলীপ ঘোষ। তাঁর সেই বীরত্বকে সম্মান জানানোর জন্যই উপহার দেওয়া হয়। এতে ভয় দেখানো বা সন্ত্রাস ছড়ানোর কোনও বিষয় নেই। এদিকে, অনুষ্ঠানে উপস্থিত হয়ে স্বভাবসিদ্ধভাবে রাজ্য সরকারের প্রতি বিষোধগার করেন বিজেপি রাজ্য সভাপতি। তিনি বলেন, 'মা জগদ্ধাত্রী রাজ্যে শান্তি ও সমৃদ্ধি ফিরিয়ে আনুক এই প্রার্থনাই করি। যারা এই শান্তি ও সমৃদ্ধি রক্ষার দায়িত্বে তাঁরা রাজনীতি নিয়েই ব্যস্ত। কাশ্মীরে কী হচ্ছে তা নিয়ে এদের বড় চিন্তা! কিন্তু এই রাজ্যে কী হচ্ছে তা নিয়ে কোনও চিন্তা নেই। এই দুর্ভাগ্যজনক পরিস্থিতির পরিবর্তন দরকার। না হলে এই রাজ্যে কী হচ্ছে তা নিয়ে কোনও চিন্তা নেই। এই দুর্ভাগ্যজনক পরিস্থিতির পরিবর্তন দরকার। না হলে এরাজ্যে পুজোপাঠ, আনন্দ-উৎসব কোনওটাই সম্ভব হবে না।' পুলিশের এখন একটাই কাজ বিজেপি কর্মীদের পিছনে লাগা ও কেস দেওয়া।

এনআরসির বিরোধিতায় সাগর থেকে পাহাড় যাত্রা

নিজস্ব প্রতিনিধি– নাগরিকপঞ্জি নিয়ে প্রতিবাদ জানাতে লাগাতার আন্দোলন কর্মসূচির সিদ্ধান্ত ঘোষণা করল নাগরিকপঞ্জি-বিরোধী যুক্তমঞ্চ। পাহাড় থেকে সাগর এবং কলকাতায় এনআরসি-বিরোধী সমাবেশ হবে। সোমবার যুক্তমঞ্চের তরফে এই সিদ্ধান্তের কথা ঘোষণা করা হয়েছে। ইতিমধ্যেই অসমে এনআরসির প্রক্রিয়ায় ১৯ লক্ষ মানুষের নাম বাদ গিয়েছে। এদেরকে এখন ডিটেনশন ক্যাম্পে রেখে দেওয়া হয়েছে। আতঙ্কের জেরে সতেরো জনের মৃত্যুর ঘটনাও ঘটেছে। সাধারণ মানুষকে এনআরসির বিষয়ে নির্ভয় দিতে ১৫ নভেম্বর পাহাড় থেকে সাগর এবং ৯ ডিসেম্বর কলকাতায় এনআরসি-বিরোধী সভা হবে। যুক্তমঞ্চের তরফে ঘোষণা করা হয়েছে,উত্তর ও দক্ষিণ দিনাজপুর মালদা,মুর্শিদাবাদ, বীরভূম, বর্ধমান, নদিয়া, হাওড়া, হুগলি, দুই চব্বিশ পরগনা হয়ে এই যাত্রা ৮ ডিসেম্বর কলকাতা পৌঁছাবে। অন্যদিকে ৯ ডিসেম্বর কলকাতার ধর্মতলায় সমাবেশে বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত থাকবেন। আন্দোলনের উদ্যোক্তারা জানিয়েছেন, কেন্দ্রীয় সরকার সংসদের আসন্ন শীতকালীন অধিবেশনে সংবিধান-বিরোধী এবং সাম্প্রদায়িক নাগরিকত্ব সংশোধনী বিল আনার ঘোষণা করেছে, তার তীব্র বিরোধিতা করেছে যুক্তমঞ্চ।

বৃদ্ধার পচাগলা দেহ উদ্ধার

নিজস্ব সংবাদদাতা, বারাকপুর, ৪ নভেম্বর– বন্ধ ঘর থেকে বৃদ্ধার পচা গলা দেহ উদ্ধারকে ঘিরে সোমবার চাঞ্চল্য ছড়াল উত্তর ২৪ পরগনার নোয়াপাড়া থানার ইছাপুর এলাকায়। পুলিশ ও স্থানীয় সূত্রে খবর ইছাপুরের নবাবগঞ্জ এলাকার এক সিনেমা হলের পাএশর একটি বাড়ি থেকে বৃদ্ধার পচাগলা দেহ উদ্ধার করে পুলিশ। প্রকাশ সোমবার সকালে ওই বাড়ি থেকে দুর্গন্ধ পেয়ে স্থানীয়রা নোয়াপাড়া থানায় খবর দেয়। খবর পেয়ে পুলিশ দরজা ভেঙে মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তে পাঠিয়েছে। মৃত বৃদ্ধার নাম অনিমা প্রধান (৬৫)। মেয়ে ও নাতনিকে নিয়ে তিনি থাকতেন। কিন্তু গত ১ নভেম্বর বদ্ধার মেয়ে ও নাতনি দমদমে এক আত্মীয়ের বাড়িতে গিয়েছিলেন। পুলিশের অনুমান হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে। তবে মৃত্যুর সঠিক কারণ জানতে ময়নাতদন্তের রিপোর্টের উপর নজর রাখছে পুলিশ। একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা হয়েছে বলে পুলিশ সূত্রে খবর।

কাশ্মীর থেকে রাজ্যে ফেরত এলেন কর্মীরা

নিজস্ব প্রতিনিধি— কাশ্মীরে কর্মরত ১৩১ জন শ্রমিককে দেশে ফেরানোর উদ্যোগ আগেই নিয়েছিল রাজ্য সরকার। সোমবার কলকাতা স্টেশনে কাশ্মীর থেকে ফেরা শ্রমিকদের আনতে উপস্থিত হয়েছিলেন কলকাতার মহানাগরিক তথা রাজ্যের পুর ও নগরোন্নয়নমন্ত্রী ফিরহাদ হাকিম। এদিন ট্রেন থেকে নামার পর যে যার মতো যাতে বাড়ি পৌঁছাতে পারে, নিজে দাঁড়িয়ে থেকে সেই বিষয়টিও তদারকি করেন তিনি।

প্রসঙ্গত কাশ্মীরে ৫ বাঙালি শ্রমিকের মৃত্যুর পর এই কর্মীদের রাজ্যে ফেরানোর বিষয়ে তৎপর হয় রাজ্য প্রশাসন। এই কর্মীদের অধিকাংশরই মালদহ, মুর্শিদাবাদে বাড়ি। তাঁদের রাজ্যে ফিরিয়ে আনার জন্য শুক্রবারই কাশ্মীরে গিয়েছিলেন রাজ্য পুলিশের দুই আধিকারিক।

কাশ্মীর থেকে রাজ্যে ফেরত আসা এই শ্রমিকদের কাজ দেওয়ার ক্ষেত্রে ইতিবাচক ভূমিকা নিতে পারে রাজ্য প্রশাসন, এখন পর্যন্ত খবর এমনটাই।

ঘি, তেল জলে মিশে একাকার

দূষিত রবীন্দ্র সরোবরে ভেসে উঠল মরা মাছ-কচ্ছপ

নিজস্ব প্রতিনিধি— রবীন্দ্র সরোবরের জল যাতে কোনওভাবেই দূষিত না হয়, সেজন্য চলতি বছর সেখানে ছটপুজো বন্ধ করার নির্দেশ দিয়েছিল পরিবেশ আদালত। কিন্তু সেই নির্দেশের তোয়াক্কা না করেই রবীন্দ্র সরোবরের ঝিলে ছটপুজো হয়েছিল 'মহাসমারোহে'। এরপর রবিবার চূড়ান্ত তৎপরতার সঙ্গে পুরকর্মীরা সরোবর পরিষ্কার করার চেষ্টা করলেও শেষ রক্ষা হল না। পরিবেশকর্মীদের আশঙ্কা সত্যি করে দূষিত সরোবরের জলে ভেসে উঠল মরা মাছ এবং একটি বড় মাপের কচ্ছপও। স্বাভাবিকভাবেই প্রশ্ন উঠছে, ছটের পর ঠিক কতটা দূষিত হয়েছে রবীন্দ্র সরোবর?

চলতি বছর রবীন্দ্র সরোবরে ছটপুজোর ওপর নিষেধাজ্ঞা জারি করেছিল পরিবেশ আদালত। কিন্তু আদালতের তোয়াক্কা না করেই সরোবরের মধ্যে প্রবেশ করেন পুণ্যার্থীরা। জলের মধ্যে দাঁড়িয়েই পুজো করেন তাঁরা। রবিবার প্রশাসন তড়িঘড়ি 'ড্যামেজ কন্ট্রোল' করতে নামলেও জলে ততক্ষণে মিশে গিয়েছিল তেল, ঘি সহ অন্যান্য পুজোর সামগ্রী। ফুল, পাতা জাল দিয়ে তুলে ফেলা হলেও দূষণের ফলাফল দেখা গেল সোমবার সকালেই।

এদিন সকালে রবীন্দ্র সরোবরে একাধিক মাছ ভেসে ওঠে। মারা যায় একটি কচ্ছপও। পরিবেশকর্মীদের একাংশের মতে, পূজার সামগ্রী জলে পরে অত্যন্ত পরিমাণে দূষিত হয়েছে রবীন্দ্র সরোবরের জল। ফলে মারা যাচ্ছে এই মাছ ও কচ্ছপ। সরোবরের জলের নমুনা পরীক্ষা না করলে কতটা দূষিত হয়েছে তা জানা সম্ভব নয়, দাবি পরিবেশ কর্মীদের।

কিন্তু আদালতের রায় সত্ত্বেও কেন রবীন্দ্র সরোবরে ছটপুজো আটকানো সম্ভব হল না? এই প্রশ্ন তুলছে বিভিন্ন মহল। পরিবেশ কর্মীদের একাংশের কথায়, ভোটব্যাঙ্কের কথা চিন্তা করেছে সমস্ত রাজনৈতিক দল। পরিবেশকে রাজনীতির উর্ধ্বে রাখলে রবীন্দ্র সরোবরে ছটপুজো রোখা সম্ভব হত বলে মতামত পরিবেশকর্মীদের একাংশের।

দিল্লির আদালতে পুলিশি সন্ত্রাসের প্রতিবাদে হাইকোর্ট চত্বরে আইনমন্ত্রী

নিজস্ব প্রতিনিধি— গত সপ্তাহে দিল্লির তিসহাজারী আদালতে গাড়ি পার্কিংকে কেন্দ্র করে রণক্ষেত্র হয়ে উঠেছিল আদালত চত্বর। বেশ কয়েকজন আইনজীবী গুরুতর জখম হয়েছিলেন। কয়েকজন আইনজীবীকে পুলিশি হেফাজতে নির্যাতনের অভিযোগ উঠেছিল। দিল্লির এই আদালতে আইনজীবী বনাম পুলিশের ঝামেলায় এক দাগী আসামি উত্তরপ্রদেশ পুলিশের হাত থেকে পালিয়েও যায়। এই ঘটনার তীব্র নিন্দা ইতিমধ্যেই 'বার কাউন্সিল অফ ইন্ডিয়া' জানিয়েছে। সোমবার দুপুরে তৃণমূল লিগ্যাল সেলের উদ্যোগে রাজ্যব্যাপী মহকুমা/জেলাস্তরের আদালতগুলির পাশাপাশি কলকাতা হাইকোর্টেও তিসহাজারি কান্ডের প্রতিবাদ মিছিল হয়। এদিন তৃণমূল লিগ্যাল সেলের এহেন বিক্ষোভ কর্মসূচিতে সামিল হয়েছিলেন রাজ্যের আইনমন্ত্রী মলয় ঘটক। তিনি নিজেও দীর্ঘদিন ধরে আসানসোল আদালতে আইনজীবী হিসাবে কাজ করে গেছেন। এদিন আইনমন্ত্রী মলয় ঘটক বলেন, -- "দিল্লির পুলিশ কেন্দ্রীয় সরকার দ্বারা পরিচালিত, তারা যে সন্ত্রাস সেদিন ঘটিয়েছে তার সুবিচার চাই।" তৃণমূল লিগ্যাল সেলের উদ্যোগে আজ হাইকোর্ট এর গেটে ধর্নায় উপস্থিত ছিলেন আইনমন্ত্রী মলয় ঘটক, বার কাউন্সিলের ভাইস চেয়ারম্যান সিদ্ধার্থ মুখোপাধ্যায়, লিগ্যাল সেলের চেয়ারম্যান ভাস্কর বৈশ্য, বার কাউন্সিল মেম্বার আনসার মণ্ডল, নীলমাধব গাঙ্গুলি, আইনজীবী স্বপন ব্যানার্জি, রাতুল বিশ্বাস, দ্বারিকানাথ মুখার্জি প্রমুখ। আজ বেলা একটা নাগাদ কলকাতা হাইকোর্টের গেটে শয়ে শয়ে আইনজীবীরা বিক্ষোভ প্রদর্শন করেন। এরপর সিটি সেশন কোর্টের গেট অবধি মিছিল চালান। তৃণমূল লিগ্যাল সেলের চেয়ারম্যান ভাস্কর বৈশ্য এবং বার কাউন্সিল অফ ওয়েস্ট বেঙ্গলের ভাইস চেয়ারম্যান সিদ্ধার্থ মুখোপাধ্যায় জানান, "রাজ্যজুড়ে প্রতিটি আদালতে আজ আমরা দিল্লির আদালতে পুলিশি সন্ত্রাসের প্রতিবাদ জানিয়েছি।"

বেআইনি নির্মাণ রুখতে নিয়োগ করা হবে অবসরপ্রাপ্ত পুলিশকর্মীদের

নিজস্ব প্রতিনিধি- বেআইনি নির্মাণের বাড়বাড়ন্ত। এই সমস্ত নির্মাণ রুখতে প্রাক্তন পুলিশকর্মীদের চুক্তির ভিত্তিতে নিয়োগ করার কথা চিন্তা করছে কলকাতা পুরসভা। শহরে বাড়তে থাকা বেআইনি নির্মাণ নিয়ে অতীতে বিভিন্ন সময় সুর চড়িয়েছেন বিরোধীরা। এমনকি বেআইনি নির্মাণ নিয়ে উদ্বেগ প্রকাশ করেছিলেন খোদ মেয়র ফিরহাদ হাকিম। কোনও বেআইনি নির্মাণের ঘটনা সামনে এলে সেই এলাকায় ভারপ্রাপ্ত আধিকারিককে তৎক্ষণাৎ থানায় নির্মাণকারীদের বিরুদ্ধে এফআইআর দায়ের করার নির্দেশ দিয়েছিলেন মেয়র। সূত্রের খবর, শহরের বেআইনি নির্মাণ রুখতে আরও একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিতে চলেছে কলকাতা পুরসভা। শহরে হওয়া বেআইনি নির্মাণগুলি যাতে ভাঙা হয় এবং নতুন করে কোনও বেআইনি নির্মাণ না হয়, সেজন্য ৩৫ জন অবসরপ্রাপ্ত পুলিশকর্মীকে নিযুক্ত করতে চলেছে কলকাতা পুরসভার বিল্ডিং বিভাগ। সংশ্লিষ্ট বিভাগের এক আধিকারিকের কথায়, বর্তমানে বেআইনি নির্মাণের ওপর নজরদারি চালানোর জন্য ৩০ জন পুরকর্মী রয়েছে। সাম্প্রতিক সময়ে কলকাতা শহরে প্রায় ১৫০০ বেআইনি নির্মাণ হয়েছে বলে জানা গেছে। এই নির্মাণস্থলগুলি যাতে চিহ্নিত করা যায়, সেজন্য সংশ্লিষ্ট স্থানে বোর্ড লাগানোর সিদ্ধান্তও নেওয়া হয়েছে পুরসভার তরফে। অবসরপ্রাপ্ত পুলিশকর্মী নিয়োগের মাধ্যমে বেআইনি নির্মাণ রোখার ক্ষেত্রে আরও স্বনির্ভরশীল হবে পুরসভা, মনে করা হচ্ছে এমনটাই।

সন্তোষপল্লী সর্বজনীনের জগদ্ধাত্রী পুজা ও কুমারী পুজার উদ্বোধনী অনুষ্ঠানে রাজারহাট নিউটাউনের যুব তৃণমূলের সাধারণ সম্পাদক রক্তিম কর।

হাওড়ায় বাম যুবকর্মীকে আক্রমণের অভিযোগ তৃণমূলের বিরুদ্ধে

নিজস্ব প্রতিনিধি– তোলা দিতে অস্বীকার করায় এক বামকর্মীর ওপর আক্রমণের অভিযোগ উঠল তৃণমূলের বিরুদ্ধে। ঘটনাটি ঘটেছে হাওড়ার আমতা থানার কুশবেড়িয়া অঞ্চলের সারদা গ্রামে। ডিওয়াইএফআই হাওড়া জেলা কমিটির সদস্য জসিম মল্লিক রবিবার রাতে দলীয় মিটিং করছিলেন বলে জানান। সোমবার সকালে সেকথা জানার পর তৃণমূলের দুষ্কৃতীরা তাঁর দোকানে চড়াও হয়। তখন দোকানে ছিলেন জসিমের দাদা আলাউদ্দিন মল্লিক। তাঁর কাছ থেকে ৫০ হাজার টাকা তোলা দাবি করা হয়। বলা হয়, যদি তোলার টাকা দেওয়া না হয়, তবে দোকান বন্ধ করে দেওয়া হবে।

বামেদের অভিযোগ, সেই সময় দোকানে পৌঁছান জসিম। সে সময় প্রথমে ঝামেলা করে চলে গেলেও ফের বেলা ১১টা নাগাদ দোকানে এসে জসিমকে আক্রমণ করে। ধারালো অস্ত্র দিয়ে তাঁকে আক্রমণ করা হয়েছে বলে অভিযোগ। মাথা ফাটিয়ে দেওয়া হয় বলেও জানান জসিম। বাম যুব সংগঠনের তরফে তৃণমূলের হাতে আক্রমণের ঘটনার কথা বলা হয়েছে। এ ঘটনার প্রতিবাদে তারা বৃহত্তর আন্দোলনে নামতে হবে বলে জানিয়েছে।

কৃষ্ণনগর রায়পাড়ার ঐতিহ্যশালী জগদ্ধাত্রী পুজোর প্রধান সহায়ক মৃন্ময় শাস্ত্রীর সঙ্গে রাজ্য তৃণমূল যুব কংগ্রেসের সাধারণ সম্পাদক সম্রাট তপাদার।

ডায়নামিক আর্কিস্ট্রাকচার্স লিমিটেড
(CIN : L45201WB1996PLC077451)
রেজি. অফিস : ৪০৯, সোয়াইকা সেন্টার, ৪এ, পোলোক স্ট্রিট, কলকাতা (প.ব.) ৭০০ ০০১, ফোন : ০৩৩-২২৩৪২৬৭৩
ওয়েবসাইট : www.dynamicarchistructures.com **ইমেল :** info@dynamicarchistructures.com

৩০ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে সমাপ্ত তিন মাসের অনিরীক্ষত আর্থিক ফলাফল

(ইপিএস ব্যতীত কোটি টাকায়)

ক্রম নং	বিবরণ	৩ মাস সমাপ্ত/চলতি বর্ষ সমাপ্ত ৩০.০৯.১৯	সংশ্লিষ্ট তারিখ পর্যন্ত/পূর্ব বর্ষ সমাপ্ত ৩০.০৯.১৯	পূর্ব বর্ষের অনুরূপ সমাপ্ত তিন মাস ৩০.০৯.১৮
১.	মোট আয় কারবার থেকে	০.৪৪	১.০৫	০.৩৫
২.	নিট লাভ/(ক্ষতি) সংশ্লিষ্ট সময়ের (কর, ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা পূর্ব #)	০.২৮	০.৭৩	০.৪২
৩.	নিট লাভ/(ক্ষতি) সংশ্লিষ্ট সময়ের কর পূর্ব (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা পরবর্তী #)	০.২৮	০.৭৩	০.৪২
৪.	নিট লাভ/(ক্ষতি) সংশ্লিষ্ট সময়ের কর পরবর্তী (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা পরবর্তী #)	০.২৮	০.৭৩	০.৪২
৫.	মোট সামগ্রিক আয় সংশ্লিষ্ট সময়ের [লাভ/(ক্ষতি) সংশ্লিষ্ট সময়ের (কর পরবর্তী) এবং অন্যান্য সামগ্রিক আয় (কর পরবর্তী) সমন্বিত]	০.২৮	০.৭৩	০.৪২
৬.	ইক্যুইটি শেয়ার মূলধন	৫.০১	৫.০১	৫.০১
৭.	সংরক্ষণ (পুনর্মূল্যায়নের সংরক্ষণ ব্যতীত) পূর্ববর্ষের ব্যালেন্সসিট অনুযায়ী	১৫.৭৯	১৫.৭৯	১৪.৭০
৮.	আয় শেয়ার পিছু (প্রতিটি ১০ টাকা) (চালু এবং বন্ধের সময়ের জন্য)			
	ক মূল	০.৫৬	১.৪৫	০.৮৪
	খ মিশ্র	০.৫৬	১.৪৫	০.৮৪

দ্রষ্টব্য :
ক. উল্লিখিত তিন মাসের আর্থিক ফলাফলের বিস্তারিত বয়ানের সংক্ষিপ্ত ২০১৫ সালের সেবি (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনসের রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জে সংযুক্ত হয়েছে। তিন মাসের আর্থিক ফলাফলের বিস্তারিত পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জ (সমূহের) ওয়েবসাইট www.bseindia.com এবং কোম্পানির ওয়েবসাইট www.dynamicarchistructures.com থেকে।
খ. #- এএস রুলস অনুযায়ী লাভ এবং ক্ষতির বিবরণে অতিরিক্ত এবং/বা ব্যতিক্রমী দফাসমূহ সমন্বিত।

ডায়নামিক আর্কিস্ট্রাকচার্স লিমিটেড
স্বা/-
দানমল পরওয়াল
চেয়ারম্যান কাম ম্যানেজিং ডিরেক্টর
DIN : 00581351

স্থান : কলকাতা
তারিখ : ০৪-১১-১৯

রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে সোলার প্যানেলে আর্থিক সাহায্য দেবে শিক্ষা দফতর

নিজস্ব প্রতিনিধি– বিদ্যুতের খরচ কমাতে রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ে সোলার প্যানেল বসতে চলেছে। আগামী কিছুদিনের মধ্যেই এই কাজ শুরু হবে বলে আশা প্রকাশ করছেন বিশ্ববিদ্যালয়ের কর্তারা। বি টি রোডে অবস্থিত রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ে বিদ্যুতের বিল দিতে নাজেহাল হতে হচ্ছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে। দিনের পর দিন এই বিদ্যুতের বিল বাড়ছে। আর এই বিদ্যুতের খরচ কমাতে সত্বর বিশ্ববিদ্যালয়ে সোলার প্যানেল বসানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানা গিয়েছে। ওয়েস্ট বেঙ্গল রিনিউয়েবল এনার্জি ডেভেলপমেন্ট এজেন্সি (উব্লিউ বি আর ই ডি ও) সমীক্ষা করে দেখেছে গোটা বিশ্ববিদ্যালয় চত্বরে সোলার প্যানেল বসাতে মোট ১১১ কোটি টাকা খরচ হবে। এত বিপুল অঙ্কের খরচ দেখে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষা দফতরের দ্বারস্থ হয়েছেন। শিক্ষা দফতর এব্যাপারে আর্থিক সহায়তা দেবার আশ্বাস দিয়েছে বলে বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গিয়েছে। কোটি টাকা ব্যয়ে এই সোলার প্যানেল বসানো হবে বিশ্ববিদ্যালয়ে আর্ট বিল্ডিংয়ের ছাদের ওপরে। সেখান থেকে গ্রিডের মাধ্যমে গোটা বিশ্ববিদ্যালয়ে পৌঁছে দেওয়া হবে সৌর বিদ্যুতের ব্যবস্থা। বিশ্ববিদ্যালয়ের কর্তারা মনে করছেন, বিশ্ববিদ্যালয়ে একধিক বিভাগ রয়েছে। এমতাবস্থায় সোলার প্যানেল বসানো হলে সেক্ষেত্রে বিদ্যুতের খরচ অনেকটা কমানো সম্ভব হবে বলে তাঁরা আশা প্রকাশ করেছেন।

কার্বো-সিরামিকস লিমিটেড
রেজিস্টার্ড অফিস : ৩১, চৌরঙ্গি রোড, কলকাতা - ৭০০০১৬
CIN : L26999WB1902PLC001537
বিজ্ঞপ্তি
এতদ্বারা ২০১৫ সালের সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস এর রেগুলেশন ২৯ এবং ৪৭ অধীনে বিজ্ঞাপিত হচ্ছে যে ৩০ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে সমাপ্ত তিন মাস/ছয় মাসের অনিরীক্ষিত আর্থিক ফলাফল বিবেচনা এবং অনুমোদনের জন্য বুধবার ১৩ নভেম্বর, ২০১৯ তারিখে কার্বো সিরামিকস লিমিটেডের ডিরেক্টর বোর্ডের এক সভা অনুষ্ঠিত হবে।
সংশ্লিষ্ট তথ্য - ১) কোম্পানির ওয়েবসাইট www.carbo-ceramics.com ২) সিএসই'র ওয়েবসাইট www.cse-india.com (scrip code : 13019) থেকেও পাওয়া যাবে।
কার্বো-সিরামিকস লি.'এর পক্ষে
কে. বিয়ানি
কোম্পানি সেক্রেটারি
০৫ নভেম্বর, ২০১৯

সিমপ্লেক্স ইনফ্রাস্ট্রাকচারস লিমিটেড
CIN : L45209WB1924PLC004969
রেজিস্টার্ড অফিস : "সিমপ্লেক্স হাউস"
২৭, শেক্সপীয়র সরণি,
কলকাতা - ৭০০০১৭
ফোন : ০৩৩ ২৩০১-১৬০০
ফ্যাক্স : + ৯১ ৩৩ ২২৮৩-৫৯৬৪/ ৫৯৬৫/ ৫৯৬৬
ইমেল আইডি :
secretarial.legal@simplexinfra.com
ওয়েবসাইট : www.simplexinfra.com
বিজ্ঞপ্তি
এতদ্বারা ২০১৫ সালের সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনসের রেগুলেশন ২৯ এবং ৪৭ (লিস্টিং রেগুলেশনস) সংস্থান অধীনে বিজ্ঞাপিত হচ্ছে যে, অন্যান্য বিষয়ের সঙ্গে লিস্টিং রেগুলেশনসের রেগুলেশন ৩৩ এবং ৫২ অধীনে ৩০ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে সমাপ্ত কোম্পানির দ্বিতীয় তিনমাসের এবং ছয় মাসের অনিরীক্ষিত আর্থিক ফলাফল বিবেচনা, অনুমোদন এবং নথিভুক্তর জন্য বৃহস্পতিবার ১৪ নভেম্বর, ২০১৯ তারিখে ডিরেক্টর বোর্ডের এক সভা অনুষ্ঠিত হবে।
সংশ্লিষ্ট নোটিশ, কোম্পানির ওয়েবসাইট www.simplexinfra.com এবং যে সকল স্টক এক্সচেঞ্জে কোম্পানির শেয়ার তালিকাভুক্ত অর্থাৎ www.bseindia.com, www.nseindia.com এবং www.cseindia.com থেকে পাওয়া যাবে।
সিমপ্লেক্স ইনফ্রাস্ট্রাকচারস লিমিটেড'এর পক্ষে
স্বা/-
বি. এল. বাজোরিয়া
সিনি. ভাইস প্রেসিডেন্ট এবং কোম্পানি সেক্রেটারি
স্থান : কলকাতা
তারিখ : ০৪ নভেম্বর, ২০১৯